



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

উৎসাহ ও উদ্দীপনার মধ্যদিয়ে চলছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে পহেলা বৈশাখ উদযাপনের প্রস্তুতি



বিগত বছরগুলোর ন্যায় এবারও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মহা সমারহে বাংলা নববর্ষ-১৪২৫ বঙ্গাব্দ উদযাপিত হতে যাচ্ছে। এ উপলক্ষে চারুকলা বিভাগসহ সংশ্লিষ্ট বিভাগসমূহে উৎসাহ ও উদ্দীপনার মধ্যদিয়ে চলছে পহেলা বৈশাখ উদযাপনের প্রস্তুতি।

এবারের পহেলা বৈশাখ উদযাপনের মূল প্রতিপাদ্য হচ্ছে জাতীয় ফল কাঁঠাল। পাশাপাশি থাকবে শেয়াল, কাঠবিড়ালী ও দেশীয় বিভিন্ন ফল-ফলাদির প্রতিকৃতি। পহেলা বৈশাখ-এর দিনব্যাপী অনুষ্ঠানসমূহের মধ্যে থাকবে- মঙ্গল শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান (নৃত্য ও সংগীত), কমলা রাণীর সাগর দীঘীর পালাগান অবলম্বনে কিচ্ছাপালা ও নাট্যকলা বিভাগের আয়োজনে চৈত্র সংক্রান্তির চিত্র প্রদর্শনী।

এছাড়াও থাকবে মেলার আয়োজন ও প্রকাশনা উপকরণের স্টল। মেলায় মিষ্টান্ন ও দধি, দেশীয় ফলসহ বিভিন্ন খাবারের স্টল, মাটির তৈরি তৈজসপত্র ও খেলনার স্টল স্থান পাবে। এছাড়াও ঐতিহ্যবাহী নাগর দোলা, চকড়িসহ শিশুদের বিনোদনের জন্য নানা উপকরণ মেলায় স্থান পাবে।